# সারাংশ

## স্বচ্ছতার বাইরেঃ সাপ্লাই চেইনে জবাবদিহিতার জন্য নিরাপদ, অ্যাক্সেসযোগ্য ডিজিটাল টুল তৈরি করা

এটি Open Supply Hub (OS Hub) প্রকাশিত Beyond Transparency: Building Safe, Accessible Digital Tools for Supply Chain Accountability প্রতিবেদনের বাংলায় সংক্ষেপিত সারাংশ

ইউরোপীয় ইউনিয়নের কর্পোরেট সাসটেইনেবিলিটি ডিউ ডিলিজেন্স ডাইরেক্টিভ (CSDDD) এবং অন্যান্য বিচারব্যবস্থায় উদ্ভূত অনুরূপ হিউম্যান রাইটস বা মানবাধিকার ডিউ ডিলিজেন্স (HRDD) আইনের প্রেক্ষাপটে এই প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। এই কাঠামোগুলি যেসব ফ্রেমওয়ার্কের প্রতিনিধিত্ব করে তা হলঃ এটি কোম্পানিগুলির উপর নতুন বাধ্যবাধকতা আরোপের সাথে সাথে গুরুত্ব দেয় ট্রেড ইউনিয়ন এবং নাগরিক সমাজ সংস্থাগুলিকে (CSO) যারা সংগঠনের স্বাধীনতা, কর্মপরিবেশ এবং অভিযোগ নিষ্পত্তির প্রক্রিয়া কার্যকারিতা সম্পর্কে জ্ঞানের অপরিহার্য উৎস। নীতিনির্ধারক এবং ব্যবসাগুলি ইতোমধ্যেই স্বীকার করে যে এই ট্রেড ইউনিয়ন এবং নাগরিক সমাজ সংস্থাগুলির অন্তর্দৃষ্টি ছাড়া, ডিউ ডিলিজেন্স প্রক্রিয়াগুলি কার্যকর হওয়ার সম্ভব না।

ডিজিটাল সাপ্লাই চেইন জবাবদিহিতা টুল হল অনলাইন সিস্টেম যারা সাপ্লাই চেইন সম্পর্কে তথ্য সংগ্রহ, প্রকাশ এবং বিশ্লেষণ করে। ওপেন সাপ্লাই হাব (ওএস হাব) এর মতো প্ল্যাটফর্মগুলিকে প্রায়শই HRDD-প্রাসঙ্গিক ডেটা প্রদর্শনের স্থান এবং সাপ্লাই চেইন গঠনকারী নাগরিক সমাজ সংস্থাগুলির মধ্যে শক্তিশালী সংযোগের ক্ষেত্র হিসাবে দেখা হয়। এই প্রেক্ষাপটেই ২০২৫ সালের মে থেকে জুলাই মাসের মধ্যে ওএস হাব বিশ্বব্যাপী সাপ্লাই চেইনে শ্রমিকদের সাথে কাজ করা বা প্রতিনিধিত্বকারী ৬৫টি সংস্থার সাথে কনসালটেশন বা পরামর্শ পরিচালনা করে। অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন এশিয়া, ইউরোপ এবং আমেরিকা জুড়ে তৃণমূল পর্যায়ের সংগঠন, জাতীয় ট্রেড ইউনিয়ন, গ্লোবাল ফেডারেশন, এনজিও, তহবিলদাতা এবং শিক্ষাবিদরা। এই আলোচনায় কেবল ওএস হাব সম্পর্কে প্রতিক্রিয়াই নয়, সামগ্রিকভাবে ডিজিটাল সাপ্লাই চেইনে বা সরবরাহ শৃঙ্খলের জবাবদিহিতার ল্যান্ডস্কেপের উপর বিস্তৃত প্রতিফলনও জানতে চাওয়া হয়েছিল।

অধিকার-ধারক বা রাইটহোল্ডার গ্রুপ বাস্তবে এই ডিজিটাল প্ল্যাটফর্মগুলি কীভাবে ব্যাবহার করে এবং এগুলিকে নিরাপদ, অ্যাক্সেসযোগ্য এবং সত্যিকার অর্থে কার্যকর করার জন্য কী প্রয়োজন তার একটি স্ন্যাপশট বা প্রতিফলন উঠে এসেছে। প্রতিবেদনটি প্ল্যাটফর্ম ডেভেলপার, তহবিলদাতা, নিয়ন্ত্রক এবং ব্যবসায়িদের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে যারা স্বচ্ছতা এবং ডিউ ডিলিজেন্স প্রদর্শনের জন্য ডিজিটাল সরঞ্জামগুলির উপর নির্ভর করে যেখানে সাপ্লাই চেইনে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অন্তর্দৃষ্টি তুলে ধরে।

# মূল প্রতিবন্ধকতা

এই পরামর্শে একটি মূল বিষয় ছিল ডিজিটাল সাপ্লাই চেইনে জবাবদিহিতা সরঞ্জামগুলির ক্রমবর্ধমান প্রাপ্যতা এবং ট্রেড ইউনিয়ন এবং সিএসওগুলির কার্যকরভাবে সেগুলি ব্যবহারের ক্ষমতার মধ্যে ব্যবধান খোঁজা। যদিও কিছু সংস্থা এই প্ল্যাটফর্মগুলি নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করছে, যার প্রভাব এখনো দেখা যায়নি। চারটি প্রধান, সম্পূরক বাধা স্পষ্টভাবে দেখা গেছে।

গঠনগত প্রতিবন্ধকতাঃ রাজনৈতিক নিপীড়ন, দুর্বল শ্রম আইন এবং মালিকপক্ষ বা সরকারের প্রতিশোধের ভয় অনেক সংগঠনের অংশগ্রহণকে বাধাগ্রস্ত করে। উদাহরণস্বরূপ, মায়ানমারে ২০২১ সালের সামরিক অভ্যুত্থানের পর, ইউনিয়ন নেতাদের গ্রেপ্তার করা হয়েছিল, কারারুদ্ধ করা হয়েছিল এবং এমনকি হত্যা করা হয়েছিল। এই প্রেক্ষাপটে, ডিজিটাল প্ল্যাটফর্মে কেবল নথি সংরক্ষণ বা শেয়ার করা অপরাধমূলক হতে পারে, যা ইউনিয়ন নেতারা ব্যাখ্যা করেছেন। এই আলোচনায়, ২২% সংস্থা (মোট ১৪টি) নিয়ন্ত্রণমূলক শ্রম আইন এবং ব্যাপক নজরদারি, নিরাপদ অংশগ্রহণের সবচেয়ে বড় বাধা হিসাবে উল্লেখ করেছে, যেখানে ১৯% (১২টি সংস্থা) নিয়োগকর্তা বা বহুজাতিক ক্রেতাদের কাছ থেকে প্রতিশোধের ভয়কে একটি প্রধান বাধা হিসাবে চিহ্নিত করেছে। ২৫% সংগঠন (১৬টি সংস্থা) জানিয়েছে যে জনবল ও আর্থিক সীমাবদ্ধতার কারণে তারা ডিজিটাল প্ল্যাটফর্মে সম্পৃক্ত হতে পারে না।

ব্যবহারযোগ্যতার ঘাটতিঃ গ্লোবাল সাউথের অনেক প্ল্যাটফর্ম মোবাইল-প্রধান, কম-ইন্টারনেট পরিবেশের কথা না ভেবে তৈরি করা হয়। কেবল ইংরেজিতে তৈরি এবং জটিল টার্মের আক্ষরিক অনুবাদ অনেক ব্যবহারকারীকে বাদ দিয়ে দেয়।

তথ্য শাসন ও মালিকানার সংকটঃ অনেকে আশঙ্কা করে তাদের সংগৃহীত তথ্য কোম্পানিগুলোর দায় হ্রাসে ব্যবহৃত হতে পারে। উত্তরদাতাদের ১২% (৮টি সংস্থা) উদ্বেগ প্রকাশ করেছেন যে ডেটা ব্যবহারের নিয়ম, অধিকার ফিরিয়ে নেয়ার সুযোগ বা অভিযোগ জানাবার ব্যবস্থা প্রায়ই অস্পষ্ট।

<u>নকল জবাবদিহিতাঃ</u> অনেক কোম্পানি শুধু “চেকবক্স পূরণ” করতে এই টুলগুলো ব্যবহার করে, বাস্তব পরিবর্তন আনতে নয়। ৭২% অংশগ্রহণকারী (৪৭টি সংস্থা) সাপ্লাই চেইনে অভিযোগের তথ্য দৃশ্যমান করার পক্ষে সমর্থন করলেও, ২৫% (১৬ জন অংশগ্রহণকারী) সতর্ক করে দিয়েছিলেন যে কেবল অভিযোগ চ্যানেল তালিকাভুক্ত করলে দুর্বল প্রক্রিয়াগুলিকে বৈধতা দেওয়ার ঝুঁকি থাকে। হলুদ ইউনিয়নের (yellow unions) তথ্য দিয়ে প্রকৃত শ্রমিকদের অধিকার ক্ষুণ্ণ হয়। ৬৫% উত্তরদাতা (৪২টি সংস্থা) কালেক্টিভ বারগেইনিং এগ্রিমেন্ট (CBA) এর প্রকাশকে সমর্থন করেছিলেন এবং ১৮% উত্তরদাতা (১২টি সংস্থা) আরও পূর্ণ-পাঠ্য প্রকাশের পক্ষে সমর্থন করেছিলেন যাতে কার্যকরধারা এবং প্রয়োগকারী মডেলগুলি অন্যত্র প্রতিলিপি করা যায়।

# শ্রমিক-কেন্দ্রিক ডিজাইন নীতিমালা

মূল প্রতিবন্ধকতাগুলি বিশ্লেষণে অংশগ্রহণকারীরা প্রকৃত অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল সরবরাহ শৃঙ্খল জবাবদিহিতা প্ল্যাটফর্মের ভিত্তি কী হওয়া উচিত তা তুলে ধরেন। তাদের প্রতিক্রিয়া শ্রমিক-কেন্দ্রিক ডিজাইন নীতিমালার জন্য ছয়টি নীতিতে সংশ্লেষিত করা হয়েছে। এই নীতিগুলি কোনও চূড়ান্ত চেকলিস্ট নয়।

১. বিশ্বাসযোগ্যতাঃ

- ডেটা কীভাবে সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার হচ্ছে তা পরিষ্কারভাবে জানানো এবং প্রয়োজনে প্রত্যাহারের সুযোগ থাকা দরকার।

২. নিরাপত্তাঃ

- গোপনীয়তা, এনক্রিপশন এবং সুরক্ষা ব্যবস্থা থাকতে হবে, বিশেষত উচ্চ ঝুঁকিপূর্ণ অঞ্চলে।

৩.  অ্যাক্সেসিবিলিটি বা প্রবেশযোগ্যতাঃ

- মোবাইল-ফ্রেন্ডলি, বহু ভাষার সমর্থন, সহজ নেভিগেশন, ও কম ইন্টারনেটের উপযোগী ডিজাইন প্রয়োজন।

৪. যৌথ শাসনঃ

- ট্রেড ইউনিয়ন ও CSO-দের প্ল্যাটফর্ম পরিচালনায় প্রকৃত ক্ষমতা থাকতে হবে - উপদেষ্টা বোর্ড, স্টিয়ারিং কমিটি, অথবা সহযোগী পর্যালোচনা প্যানেলগুলিকে তাদের প্রকৃত তত্ত্বাবধান এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা দিতে হবে।

৫. প্রতিনিধিত্বঃ

· লিঙ্গ, অঞ্চল, খাতভিত্তিক বৈচিত্র্য নিশ্চিত করে সবার অংশগ্রহণ অ ন্যায়সঙ্গত সম্পৃক্ততা সুনিশ্চিত করতে হবে।

৬. পারস্পরিকতাঃ

· যাঁরা তথ্য বা সময় দিচ্ছেন, তাঁদের অবদান স্বীকৃত ও মূল্যায়ন করতে হবে।

# প্রস্তাবনা

এই নীতিগুলি প্রয়োগের প্রথম পদক্ষেপ হিসেবে, উত্তরদাতাদের প্রতিক্রিয়ার বিশ্লেষণের উপর ভিত্তি করে প্ল্যাটফর্ম ডেভেলপার, তহবিলদাতা, নীতিনির্ধারক এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্য সুপারিশ বা প্রস্তাবনা প্রদান করা হয়েছে।

<u>প্ল্যাটফর্ম নির্মাতাদের জন্য</u>

ডিজিটাল সাপ্লাই চেইন জবাবদিহিতা প্ল্যাটফর্মগুলি সাপ্লাই চেইন গভারনেন্স বা শাসনে শ্রমিক এবং নাগরিক সমাজকে অন্তর্ভুক্ত রাখে। ডেভেলপারদের অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলি নিশ্চিত করতে হবে যেন এই সিস্টেমগুলি নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক এবং বাস্তব চিত্র তুলে ধরেঃ

- স্বচ্ছ ও সম্মতিনির্ভর তথ্য শাসন প্রণয়ন
- মোবাইল-ফ্রেন্ডলি, বহুভাষিক, ও কম ব্যান্ডউইথের ইন্টারনেটের উপযোগী ডিজাইন
- ঝুঁকি মূল্যায়ন ও এনক্রিপশন
- প্রকৃত রাইটহোল্ডারদের নিয়ে ক্ষমতাসম্পন্ন শাসন কাঠামো
- ডেটার ওপেন ফরম্যাট, আন্তঃকার্যক্ষমতা এবং API সাপোর্ট
- শ্রমিকদের জন্য উপযোগী ও পারস্পরিক সুবিধা নিশ্চিতকরণ

<u>তহবিলদাতা ও দাতাদের জন্য</u>

তহবিল কাঠামো নির্ধারণ করে তৃণমূল পর্যায়ের ট্রেড ইউনিয়ন এবং সিএসওগুলি কীভাবে নিরাপদে এবং ধারাবাহিকভাবে অংশগ্রহণ করতে পারবে। দাতাদের উচিতঃ

- নমনীয় ও দীর্ঘমেয়াদী তহবিল প্রদান
- ডিজিটাল ও আইনি নিরাপত্তায় বিনিয়োগ
- ভাষার ন্যায়বিচার নিশ্চিতকরণ
- সহ-নকশা এবং অন্তর্ভুক্তিমূলক প্রক্রিয়ায় বিনিয়োগ

নীতিনির্ধারকদের জন্য

অংশগ্রহণকারীরা জোর দিয়েছিলেন যে পাবলিক নিয়ন্ত্রণ নিশ্চিত করতে পারে যেন ডিজিটাল সরঞ্জামগুলি অনিচ্ছাকৃতভাবে বর্জন বা ক্ষতিক করাকে শক্তিশালী না করে। এর অংশ হিসাবে, তারা সুপারিশ করেছেন যে নিয়ন্ত্রকদের উচিতঃ

- ন্যূনতম মানদণ্ড নির্ধারণ ও বাস্তবায়ন
- প্রবেশযোগ্যতার জন্য সহায়তা বা আর্থিক অনুদান
- স্বাধীন তদারকি গঠনের ব্যবস্থা

কোম্পানি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্য

অংশগ্রহণকারীরা জোর দিয়েছিলেন যে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি কীভাবে ডেটা ব্যাখ্যা করে, তার উপর কাজ করে - তা প্ল্যাটফর্মগুলিকে অর্থপূর্ণ জবাবদিহিতা জোরদার করতে প্রভাবিত করে। তাদের উচিতঃ

- তথ্যকে সংলাপের ভিত্তি হিসেবে ব্যবহার করা
- দায়িত্বশীলভাবে তথ্য শেয়ার করা
- শ্রমিক-কেন্দ্রিক প্ল্যাটফর্ম উন্নয়নে বিনিয়োগ করা

# উপসংহার

ডিজিটাল টুলগুলো শ্রম অধিকার রক্ষার পরিবর্তে কখনও কখনও কেবল “দেখনদারির” হাতিয়ার হয়ে ওঠে। কিন্তু সঠিকভাবে ডিজাইন ও পরিচালনা করা হলে, এগুলো হতে পারে সাপ্লাই চেইনে প্রকৃত পরিবর্তনের চালক। এই প্রতিবেদনটি ডিজিটাল সরঞ্জামগুলিকে অধিক অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ ও প্রভাববাহী করে তোলার জন্য একটি পথনির্দেশিকা হিসেবে বিবেচনা করা যেতে পারে।

## আমাদের সাথে যোগাযোগ করুন

এই কাজটি সামনে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে কোন প্রশ্ন, প্রতিক্রিয়া, অথবা সহযোগিতার উপায় সম্পর্কে জানাতে ওপেন সাপ্লাই হাব টিমের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

**info@opensupplyhub.org**